

বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া'র 'ইস্টার সানডে' পালন

সিডনির সুপরিচিত সংগঠন বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া যথাযথ মর্যাদায় গত ৩১শে মার্চ ধর্মীয় উতসব 'পবিত্র পাস্কা পর্ব' বা ইস্টার সানডে উদ্‌যাপন করে। এবং রকডেল ইউনাইটেড চার্চ অডিটোরিয়ামে ভাবগম্ভীর পরিবেশে ক্রিশ্চিয়ান প্রভুযীশুর মৃত্যু দিবস স্মরণে 'পবিত্র পুন্য শুক্রবার' (গুড ফ্রাইডে)-এ ক্রশের পথ (স্টেশন অফ দ্য ক্রস) পালন করে। যীশুখ্রীষ্টের পুনরুত্থাপিত দিবস 'পবিত্র পাস্কা পর্ব' উপলক্ষ্যে সংগঠনের পক্ষ থেকে ল্যানকোভ ন্যাশনাল পার্কের সবুজঘেরা উন্মুক্ত উদ্যানে দিনব্যাপী আয়োজন করা হয় 'বার বি কিউ' সহ শিশু ও বড়দের অংশগ্রহণে বিভিন্ন প্রকার খেলাধুলা এবং মজার মজার অনুষ্ঠান। সকল প্রবীন সদস্যদের উপস্থিতিতে এ আনন্দঘন অনুষ্ঠানটি ছিলো একান্তই সাংগঠনিক। বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়ার প্রবীন সদস্য বরেন্য সঙ্গীতজ্ঞ হেনরী গিলবার্টকে সংগঠনের পক্ষ থেকে বিশেষ সন্মান সূচক উপহার প্রদান করা হয়। সভাপতি এডওয়ার্ড অশোক অধিকারী ও সাধারণ সম্পাদক ন্যাঙ্গী লীনা ব্যারেল সমাগত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনের মাঝ দিয়েই আনন্দমুখর দিবসটির পরিসমাপ্তি ঘটে।



'ক্রশের পথ' পর্ব



'ক্রশের পথ' পর্ব





ইস্টার উদযাপন ২০১৩